

# BAIDYANATHPUR HIGH SCHOOL (H.S.)

(Main Examination Centre)

## মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য কয়েকটি জরুরী বিষয়

- ১) পরীক্ষা শুরুর প্রথমদিন সকাল ১০ : ৪৫ টায় পরীক্ষাকেন্দ্রের মূল গেট খোলা হবে। কেবল ঐ দিন প্রতি পরীক্ষার্থী মাত্র একজন অভিভাবক / অভিভাবিকা সহ ADMIT ও REGISTRATION CERTIFICATE দেখিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে এবং ১১ : ০৫ টায় ঘণ্টা পড়ার সঙ্গে সঙ্গে অভিভাবক / অভিভাবিকাকে পরীক্ষাকেন্দ্রের বাইরে চলে আসতে হবে। পরবর্তী দিনগুলিতে সকাল ১১ : ১৫ টায় গেট খোলা হবে এবং কেবল পরীক্ষার্থীরাই ADMIT ও REGISTRATION CERTIFICATE দেখিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে।
- ২) পরীক্ষার্থীদের ১১ : ৪৫ টায় প্রশ্নপত্র ও ১১ : ৫৫ টায় উত্তরপত্র দেওয়া হবে। ১২ টার ঘণ্টা পড়ার সঙ্গে সঙ্গে উত্তর লেখা শুরু করা যাবে।
- ৩) পরীক্ষার্থী একমাত্র স্বচ্ছ ক্লিপবোর্ড নিয়ে হলে প্রবেশ করতে পারবে। যদি কোনো পরীক্ষার্থীর ক্লিপবোর্ড অস্বচ্ছ বা কিছু লেখা থাকে তাহলে সেটি ব্যবহারের অনুমতি দেওয়া হবে না।
- ৪) প্রতিদিন ORIGINAL ADMIT ও REGISTRATION CERTIFICATE সহ পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে হবে। এক্ষেত্রে কোনো রকম ATTESTED PHOTOCOPY গ্রাহ্য করা হবে না।
- ৫) মোবাইল ফোন, ক্যালকুলেটর, বা অন্য কোনো রকম ইলেকট্রনিক যন্ত্র নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কারো কাছে ঐ জাতীয় কোনো কিছু পেলে তা বরাবরের জন্য বাজেয়াপ্ত করা হবে ও তার পরীক্ষা বাতিল করা হবে।
- ৬) পরীক্ষা শেষ হয়ে গেলেও পরীক্ষাকেন্দ্রের সমস্ত খাতা মিলিয়ে না নেওয়া পর্যন্ত পরীক্ষাকেন্দ্রের মূল গেট খোলা হবে না।
- ৭) পরীক্ষাকেন্দ্রের সম্পত্তিহানির বিষয়ে জড়িত পরীক্ষার্থী নির্ধারিত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।
- ৮) পরীক্ষা শুরুর ১ ঘণ্টা পরে কোনো পরীক্ষার্থী বাইরে যেতে পারে, তবে এক্ষেত্রে তাকে প্রশ্নপত্র ও উত্তরপত্র জমা রেখে বাইরে যেতে হবে। যদি কোনো পরীক্ষার্থী পরীক্ষা শেষের আগেই খাতা জমা করতে চায়, তাহলেও তার প্রশ্নপত্র ও উত্তরপত্র জমা দিতে হবে। পরীক্ষা শেষের পর সে প্রশ্নপত্র ফেরৎ পাবে।
- ৯) পরীক্ষার্থী প্রধান উত্তরপত্রের সঙ্গে যখন বাড়তি উত্তরপত্র (Loose Sheet) নেবে, তখন পরিদর্শক মহাশয়/মহাশয়া প্রতিটি বাড়তি উত্তরপত্রের মাথায় নির্দিষ্ট স্থানে (+১+১+১ ...= মোট) লিখে স্বাক্ষর করবেন। যদি পরিদর্শক মহাশয়/মহাশয়া বিষয়টি বিস্মৃত হন, তাহলে পরীক্ষার্থী তাঁকে স্মরণ করিয়ে দেবে। কারণ কোনো হারিয়ে গেলে পরীক্ষার্থীর ক্ষতি হতে পারে।

LOOSE SHEET

---\*\*\*---